



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারি আবাসন পরিদপ্তর  
ই শ্রেণী বরাদ্দ শাখা  
www.doga.gov.bd



নম্বর ২৫.৪৩.০০০০.০০৩.০৫.০১২.২০.৩৪

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭  
২৯ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মিরপুর ন্যাম ভবনে (২, ৩ ও ৫ নম্বর ভবনে) মোট ০৭ টি বাসা/ফ্ল্যাট স্বয়ংক্রিয় পদ্ধতিতে বরাদ্দের জন্য আবেদন আহ্বান সংক্রান্ত।

সরকারি আবাসন পরিদপ্তরের ব্যবস্থাপনাধীন ঢাকা শহরের বর্ণিত ০৭ (সাত) টি (ই শ্রেণি) বাসা বরাদ্দযোগ্য। উল্লিখিত বাসাসমূহ স্বয়ংক্রিয় (অটোমেশন) পদ্ধতিতে বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দ প্রত্যাশীগণকে নিম্নের ওয়েব এড্রেসের মাধ্যমে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগামী ৩০ এপ্রিল, ২০২১ তারিখের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।  
ওয়েব এড্রেস: [www.bashaonline.com](http://www.bashaonline.com)

বরাদ্দপ্রার্থীর যোগ্যতা: গ্রেড-৬ এবং তদূর্ধ্ব  
এবং

মূলবেতন: ৩৫,৫০০/= অথবা তদূর্ধ্ব

নোটিশ নম্বর	এলাকা ও ভবন নম্বর	বাসা/ফ্ল্যাট নম্বর ও সংখ্যা
০১	মিরপুর ন্যাম ভবন নং- ০২	২/১০৩= ০১ টি
০২	মিরপুর ন্যাম ভবন নং- ০৩	৩/১০২, ৩/২০১, ৩/৪০৩, ৩/৮০২, ৩/৮০৪= ০৫ টি
০৩	মিরপুর ন্যাম ভবন নং- ০৫	৫/৬০৪= ০১ টি

১. ১৯ ডিসেম্বর, ২০১৮ তারিখের ২৫.০১.০০০০.০১৪.২২.০০৩.০৪-৫৫ স্মারক অনুসারে প্রাধিকার অনুসৃত হবে;

২. স্বয়ংক্রিয় পদ্ধতিতে দাখিলকৃত তথ্যাবলির প্রমাণকসমূহ সংযুক্ত করতে হবে।

৩. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ কিংবা উপযুক্ত প্রমাণক ছাড়া আবেদন দাখিল করা হলে আবেদন বিবেচিত হবে না।

৪. প্রাপ্ত আবেদনসমূহ যাচাই/বাছাইসহ বরাদ্দ সুপারিশের চূড়ান্ত ফলাফল প্রকাশ বা বাতিলের এজিয়ার এ পরিদপ্তর সংরক্ষণ করবে; এবং

৫. যে কোন সময়ে প্রদত্ত তথ্য **Bangladesh Allocation Rule, 1982** এর সাথে অথবা ১৯ ডিসেম্বর, ২০১৮ তারিখের ৫৫৩ নং স্মারকে জারীকৃত পরিপত্রের সাথে অসামঞ্জস্য পরিলক্ষিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দ প্রত্যাহার অথবা বাতিলের এজিয়ার এ পরিদপ্তর সংরক্ষণ করবে।

বিঃদ্র: যে কোন প্রয়োজনে সরকারি আবাসন পরিদপ্তরের বর্ণিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে :

সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোবাইল : ০১৭২৯৮৭৫৪১৩ ও ০১৭৩৩৭৫৭৯৬৮

২৯-৩-২০২১

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
পরিচালক

ফোন: +৮৮০২৯৫৪৫০৩৭

ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩

ইমেইল: [director@dogo.gov.bd](mailto:director@dogo.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
- ৩) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর( বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬) অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর